গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০১.২০২০-৩০১ তারিখ : ১৩ পৌষ ১৪২৯ / ২৮ ডিসেম্বর ২০২২

বিষয় : বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভাপতিত্বে গত ১১ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

নম্বর ২৭৯৯ তারিখ ০২/০১/২৩
যুগ্মসচিব(উঃঅঃ)
উপসচিব(উঃ-১/উঃ-২)
অতিরিক্ত সচিব(উন্নয়ন)

28/12/2022
(মোহাম্মদ শামীম বেপারী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(দৃ: আ: উপসচিব, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)

২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমুপ), স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৩। বিভাগীয় কমিশনার (সকল), .................. বিভাগ;

৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

নম্বর ৯১৬০ তারিখ ২/১/২৩
উপসচিব (উঃ-১)
উপসচিব (উঃ-২)
যুগ্মসচিব (উন্নয়ন)

পত্র.doc

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

**বিষয় : বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মুহম্মদ ইব্‌রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ : ১১ ডিসেম্বর ২০২২

সময় : সকাল ১০:৪৫ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট - ক

**সভার আলোচনা :**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই প্রত্যেক কর্মকর্তা নিজ পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন যে, বিভাগীয় কমিশনারগণের সাথে এটিই তার প্রথম সভা। যেহেতু, বিভাগীয় কমিশনারদের সাথে স্থানীয় সরকার বিভাগের কাজের সম্পৃক্ততা অনেক সেহেতু, স্থানীয় সরকার বিভাগের সাথে আয়োজিত এ সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জেলা পরিষদ, সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের সাথে সমন্বয় ও সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে সরকারের উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে হয়। তিনি সভার কার্যসূচি অনুযায়ী ড. মলয় চৌধুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)-কে সভা সঞ্চালনা করার অনুরোধ জানান।

২। আলোচ্যসূচি অনুযায়ী ২৪ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **(ক) ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণ:**<br>এ বিভাগের অতিরিক্ত সচিব ড. মহঃ শের আলী জানান যে, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদনের অপেক্ষায় রয়েছে। নতুন অনুমোদিত নকশা অনুযায়ী ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি পাওয়া না গেলে জমির পরিমাণ নূন্যতম ২০ শতক (পরিমাপ: ৯২″-০″X ৯২″-০″) হলে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা যাবে মর্মে সকল জেলা প্রশাসককে এ বিভাগ হতে পত্র মারফত অবহিত করা হয়েছে। এছাড়া, জমি ক্রয়পূর্বক ভবন নির্মাণ করা যাবে এবং ভবনটি তৃতীয় তলা পর্যন্ত করা যাবে। | (ক) সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এলজিইডি, পরিকল্পনা অধিশাখা এবং ইউনিয়ন পরিষদ অধিশাখা। |
| | **(খ) গ্রাম আদালত আইন, ২০০৬ :**<br>১) ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে গ্রাম আদালত আইন, ২০০৬ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইন সংশোধনের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বিলটি ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | (খ) ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে গ্রাম আদালত আইন, ২০০৬ এ প্রয়োজনীয় সংশোধন এবং Activating village Court (phase-3) শুরু করার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | ইউনিয়ন পরিষদ ও পরিকল্পনা অধিশাখা |

| | | | |
|---|---|---|---|
| | ২) Activating Village Courts in Bangladesh Project (Phase-3) শুরু করার পদক্ষেপ অব্যাহত রয়েছে। এ লক্ষ্যে প্রস্তুতকৃত টিএপিপি সদয় অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশন এবং একনেক সভায় সদয় অনুমোদিত হলে Activating Village Courts in Bangladesh Project (Phase-3) শুরু করা হবে। | | |
| | **(গ) উপপরিচালক, স্থানীয় সরকার-এর জন্য গাড়ী বরাদ্দ :**<br>মহাপরিচালক (পমূপ) সভায় জানান সরকারের ব্যয় সংকোচনের স্বার্থে নতুন গাড়ী ক্রয় না করে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি)' এবং 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)' প্রকল্প সমাপ্তির পর উক্ত প্রকল্প দু'টির গাড়ী বিভাগ ও জেলা পর্যায়ে কর্মরত (৬৪+৮) = ৭২ জন উপপরিচালক, স্থানীয় সরকার-এর অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে সুপারিশ করা হয়েছে। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মনিটরিং-১ শাখা |
| | (ঘ) **<u>গাড়ী চালক পদে নিয়োগ:</u>**<br>জনপ্রশাসন এবং অর্থ বিভাগের অনুমোদনক্রমে ৬৪টি জেলা প্রশাসক ও ৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কর্মরত উপপরিচালক, স্থানীয় সরকার এর জন্য (৬৪+৮)=৭২ (বাহাত্তর)টি গাড়িচালকের পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন করা হয়েছে। | (ঘ) ৭২ (বাহাত্তর) টি গাড়ী চালক পদে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) |
| ৩.২ | **(ক) <u>জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট:</u>**<br>জেলা পরিষদের মালিকানাধীন যে সকল খেয়াঘাট অব্যবহৃত রয়েছে, তা বিলুপ্ত ঘোষণার জন্য বর্তমানে বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রস্তাবসমূহ প্রেরণ করা হয়ে থাকে।<br>ইতোমধ্যে রাজশাহী, খুলনা ও সিলেট বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী নওগাঁ জেলা পরিষদের ১টি খেয়াঘাট, চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৩টি খেয়াঘাট এবং হবিগঞ্জ জেলা পরিষদের ১৪টি খেয়াঘাট স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। | (ক) জেলা পরিষদের মালিকানাধীন অব্যবহৃত খেয়াঘাট বিধি মোতাবেক বিলুপ্ত ঘোষণার জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) |
| | **<u>(খ) জেলা পরিষদের ত্রৈমাসিক সভা আহ্বান:</u>**<br>বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন করা হচ্ছে। | (খ) বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আহ্বান অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল |
| | **<u>(গ) জেলা পরিষদের মালিকানাধীন জমি:</u>**<br>যে সকল জেলা পরিষদের জায়গা অন্য নামে রেকর্ডভুক্ত রয়েছে তা সংশোধনপূর্বক জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। | (গ) যে সকল জেলা পরিষদের জায়গা অন্য নামে রেকর্ডভুক্ত হয়েছে তা সংশোধন করে জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত করার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল) |
| ৩.৩ | **(ক) পৌরসভা পরিদর্শন:**<br>পৌরসভাসমূহের উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১১ এপ্রিল ২০২২ তারিখের ১০৬ | (ক) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মন্ত্রিপরিষদ বিভাগের ১১ | |

| | | | |
|---|---|---|---|
| | নং স্মারক মারফত বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে প্রতিমাসে ০১টি পৌরসভা দর্শনের পরিবর্তে ০১টি পৌরসভা পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়েছে। | এপ্রিল ২০২২ তারিখের ১০৬ নং স্মারক অনুযায়ী প্রতিমাসে ০১টি পৌরসভা দর্শনের পরিবর্তে ০১টি পৌরসভা পরিদর্শন করতে পারবেন। | বিভাগীয় কমিশনার (সকল) এবং পৌর অধিশাখা |
| | **(খ) পৌরসভার ভূমি উন্নয়ন কর:**<br>স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে পৌরসভা 'ভূমি উন্নয়ন কর এবং আদায়কৃত করের ২% অংশ' প্রাপ্য হলেও বাস্তবে অধিকাংশ পৌরসভা তা পাচ্ছে না। এ প্রেক্ষিতে 'ভূমি উন্নয়ন কর এবং আদায়কৃত করের ২% অংশ' পৌরসভাসমূহেকে প্রদান নিশ্চিত করণের লক্ষ্যে সকল জেলা প্রশাসক এবং ভূমি অফিস সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য গত ১০/০২/২০২২ তারিখে ১৯০ নং স্মারকে সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর একটি ডিও লেটার প্রেরণ করা হয়েছে। | (খ) আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% অংশ' পৌরসভাসমূহের অনুকূলে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | **(গ) হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে অভিযোগ:**<br>হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের অভিযোগ/আপত্তিগুলো সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে নিষ্পত্তি করা হয়। হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে কোন অভিযোগ পেলে পৃথকভাবে তা তদন্ত সাপেক্ষে নিষ্পত্তি করা হচ্ছে। | (গ) অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |
| ৩.৪ | **বিবিধ:** | | |
| | **(ক) ইটের গুণগত মান**<br>সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে দেশে ইটভাটায় যে ধরণের ইট প্রস্তুত করা হচ্ছে তা সঠিক গুণগত মানসম্পন্ন নয় এবং স্ট্যান্ডার্ড মাপের চেয়ে ছোট আকারের। | (ক) ইটভাটা প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন ২০১৩ অনুযায়ী ইটের গুণগতমান এবং স্ট্যান্ডার্ড মাপ সুরক্ষার নিমিত্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) এবং নগর উন্নয়ন অনুবিভাগ |
| | **(গ) 'ব্লক ইট' ব্যবহার:**<br>২০২৫ সালের মধ্যে 'ব্লক ইট' ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। তবে সরকারি কাজে রেইট সিডিউলে 'ব্লক ইট' ধরা না থাকায় তা ব্যবহার করা যাচ্ছে না। এ প্রেক্ষিতে সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাভুক্ত এলজিইডি'র কতিপয় প্রকল্পের উন্নয়ন কাজের রেইট সিডিউলে ইটের পরিবর্তে বিভিন্ন ধরনের 'ব্লক ইট' ব্যবহার করা হচ্ছে। | (গ) 'ব্লক ইট' ইট ব্যবহারের নিমিত্ত সরকারি কাজের রেইট সিডিউলে 'ব্লক ইট' অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ, উন্নয়ন অনুবিভাগ ও এলজিইডি |
| | **(ঘ) জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং সনদ প্রদান:**<br>সভাকে অবহিত করা হয় যে, BDRIS Software এর Storage Capacity বৃদ্ধি এবং Software উপযোগী Hardware Procurement এর জন্য ইতোমধ্যে ১টি টেন্ডারের কার্যাদেশ প্রদান করা হয়েছে। অপর একটি টেন্ডারের মাধ্যমে ৬টি সার্ভার ও ২টি Switch Board সংগ্রহের জন্য দরপত্র মূল্যায়ন কমিটির চূড়ান্তের পর অনুমোদন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-বিধি এবং BDRIS Software ব্যবহার সম্পর্কে নিবন্ধক ও নিবন্ধন সহকারী এবং জন্ম ও | ১) দেশের সকল নাগরিকের জন্ম ও মৃত্যু নিবন্ধন ও সনদ প্রদানের কার্যক্রম সহজ ও সুচারুরূপে সম্পাদনের জন্য BDRIS Software এর storage capacity বৃদ্ধি এবং Software উপযোগী Hard- ware Procurement কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন |

| | | | |
|---|---|---|---|
| | মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সরাসরি ও জুমের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়াও প্রতি সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার জুমের মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের (নিবন্ধক, নিবন্ধন সহকারী এবং নিবন্ধন সংশ্লিষ্ট কর্মকর্তা) সফটওয়ার সংক্রান্ত সমস্যার সমাধান করা হয়। | ২) নিবন্ধন কার্যালয়ের নিবন্ধক এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করতে হবে। | |
| | **(ঙ) পশুর হাট বসার দিন নির্ধারণ**<br>যশোর জেলার চৌগাছা উপজেলায় এবং ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলায় পশু হাট বসার দিন নির্ধারণ বিষয়ে স্থানীয় পর্যায়ে জটিলতা সৃষ্টি হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | বিভাগীয় কমিশনার, খুলনা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | বিভাগীয় কমিশনার, খুলনা |

৪। আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬।১২।2022

মুহম্মদ ইব্রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ